

## 💵 যঈফ ও জাল হাদিস

হাদিস নাম্বারঃ ২৮৯

১/ বিবিধ

আরবী

من قرأ سورة الواقعة في كل ليلة لم تصبه فاقة أبدا ضعيف

أخرجه الحارث بن أبي أسامة في " مسنده " (178 \_ من زوائده) وابن السني في " عمل اليوم والليلة " (رقم 674) وابن لال في " حديثه " (116 / 1) وابن بشران في " الأمالي " (20 / 38 / 1) والبيهقي في " الشعب " وغيرهم من طريق أبي شجاع عن أبي طيبة عن ابن مسعود مرفوعا

وهذا سند ضعيف، قال الذهبي: أبو شجاع نكرة لا يعرف، عن أبي طيبة، ومن أبو طيبة؟ عن ابن مسعود بهذا الحديث مرفوعا

وقد أشار بهذا الكلام إلى أن أبا طيبة نكرة لا يعرف، وصرح في ترجمته بأنه مجهول ثم إن في سند الحديث اضطرابا من وجوه ثلاثة بينها الحافظ ابن حجر في " اللسان " في ترجمة أبي شجاع هذا فليراجعه من شاء، وفي " فيض القدير " للمناوي: وقال الزيلعي تبعا لجمع: هو معلول من وجوه: أحدها: الانقطاع كما بينه الدارقطني وغيره الثانى: نكارة متنه كما ذكره أحمد

الثالث: ضعف رواته كما قاله ابن الجوزي

الرابع: اضطرابه، وقد أجمع على ضعفه أحمد وأبو حاتم وابنه والدارقطني والبيهقي وغيرهم



## وقال المناوي في " التيسير ": والحديث منكر

## বাংলা

২৮৯। যে ব্যাক্তি প্রতি রাতে সূরা আল-ওয়াকে'য়াহ পাঠ করবে, তাঁকে কখনও অভাব (ক্ষুধা) গ্রাস করবে না। হাদীসটি দুর্বল।

এটি হারিস ইবনু আবী উসামা তার "মুসনাদ" গ্রন্থে (১৭৮), ইবনুস সুন্নী "আমলুল ইয়াউম ওয়াল লাইলাহ" গ্রন্থে (নং ৬৭৪), ইবনু লাল তার "হাদীস" গ্রন্থে (১/১১৬), ইবনু বিশরান "আল-আমলী" গ্রন্থে (২০/৩৮/১) এবং বাইহাকী "আশ-শু'য়াব" গ্রন্থে বর্ণনা করেছেন। তারা সকলেই আবু শুযা সূত্রে আবু তায়বাহ হতে ... বর্ণনা করেছেন। এটির সনদ দুর্বল। যাহাবী বলেনঃ আবু শুযাকে চেনা যায় না এবং আবু তায়বাহ মাজহুল।

এছাড়া হাদীসটির সনদে তিন দিক থেকে ইযতিরাব সংঘটিত হয়েছে। হাফিয ইবনু হাজার "লিসানুল মীযান" গ্রন্থে এ আবূ শুযার জীবনী বর্ণনা করতে গিয়ে তার বিবরণ দিয়েছেন। যায়লাঈ উল্লেখ করেছেন হাদীসটি কয়েকটি দিক থেকে দোষণীয়ঃ

- ১। এটির সনদে রয়েছে বিচ্ছিন্নতা, যেমনভাবে দারাকুতনীসহ অন্যরা তার বিবরণ দিয়েছেন।
- ২। হাদীসটির মতনে (ভাষায়) রয়েছে দুর্বোধ্যতা, যেমনভাবে ইমাম আহমাদ উল্লেখ করেছেন।
- ৩। হাদীসটির বর্ণনাকারীগণ দুর্বল, যেরূপ ইবনুল জাওযী বলেছেন।
- ৪। এছাড়া ইযতিরাব রয়েছে।

এটি দুর্বল হওয়ার ব্যাপারে ইমাম আহমাদ, আবু হাতিম, ইবনু আবী হাতিম, দারাকুতনী, বাইহাকী এবং অন্যরাও একমত হয়েছেন। মানবী "আত-তায়সীর" গ্রন্থে বলেনঃ হাদীসটি মুনকার।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন